



বহুল আলোচিত মামলায় খালাস পেলেন নাসির-তামিমা



ছবি: সংগৃহীত

ক্রিকেটার নাসির হোসাইন ও তার স্ত্রী তামিমা সুলতানার বিরুদ্ধে দায়ের করা মামলায় খালাসের রায় দিয়েছেন আদালত। বুধবার (১০ জুন) ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জশিতা ইসলামের আদালত এ রায় ঘোষণা করেন।

রায় ঘোষণার সময় নাসির ও তামিমা আদালতে উপস্থিত ছিলেন। রায়ে বলা হয়, আসামিদের বিরুদ্ধে আনা অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি, তাই তাদের খালাস দেওয়া হলো।

এর আগে ২০২১ সালে নাসিরের বিরুদ্ধে অন্যের স্ত্রীকে প্রলুব্ধ করে নিয়ে যাওয়া, ব্যভিচার ও মানহানির অভিযোগে মামলা করেন বাদী রাকিব। অভিযোগে বলা হয়, উত্তরার একটি রেস্তোরাঁয় নাসির ও তামিমার বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়, যেখানে তামিমার আগের স্বামীর সঙ্গে বিচ্ছেদ না হওয়ার বিষয়টি তুলে ধরা হয়।

মামলার পর পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) ২০২১ সালের ৩০ সেপ্টেম্বর তদন্ত প্রতিবেদন জমা দেয়। পরে ২০২২ সালের ৭ ফেব্রুয়ারি আদালত আসামিদের বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরু করেন।

চলতি বছরের ৬ মে উভয় পক্ষের যুক্তিতর্ক উপস্থাপন শেষ হয়। এরপর আদালত রায়ের জন্য আজকের দিন নির্ধারণ করেন।